দৈনিক জনকণ্ঠ

13

তারিখ ... ... ... JUL 08 2000
পৃঃ 2 কলাম ... 3...

# মাধ্যমিক ও উচ্চশিক্ষা তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল (শুক্রবার) সকালে শিক্ষা ভবন চত্বরে 'বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চশিক্ষা তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি'র ত্রি-বার্ষিক কাউন্সিল অধিবেশন/২০০০ কেন্দ্রীয় এডহক কমিটির সভাপতি জনাব আবদুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির প্রধান পৃষ্ঠপোষক, বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চশিক্ষা সরকারী কর্মচারী সম্মিলিত পরিষদের সম্মানিত সভাপতি, বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদের মহাসচিব জনাব মোঃ সালেউদ্দীন সেলিম। বিশেষ অতিথি হিসেবে যথাক্রমে উপস্থিত ছিলেন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির সভানেত্রী মিসেস কোহিনুর বেগম, বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চশিক্ষা সরকারী কর্মচারী সম্মিলিত পরিষদের সংগ্রামী মহাসচিব জনাব মোঃ খুররম মোল্লা।

অধিবেশনের প্রধান অতিথি জনাব সালেউদ্দীন সেলিম বলেন, 'স্বাধীনতা লাভের তিন দশক অতিক্রম হওয়া সত্ত্বেও এদেশের সরকারী কর্মচারীরা আজও অবহেলিত, নির্যাতিত ও নিষ্পেষিত। তাই নিজেদের ভাগ্য উন্নয়নে তাদেরকে সাংগঠনিকভাবে সুসংগঠিত হতে হবে। ঔপনিবেশিক ধাঁচের প্রশাসনিক অবকাঠামোর নাগপাশ থেকে মুক্তি লাভের লক্ষ্যে নিয়মতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে ন্যায্য দাবী-দাওয়া আদায়ে অধিকতর সচেষ্ট হতে হবে।' কাউন্সিল অধিবেশনে (২০০০-২০০৩) তিন বছর মেয়াদী ৮১ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়।